

কোস্ট ফাউন্ডেশন, প্রধান কার্য্যালয়, ঢাকা , ২০ এপ্রিল ২০২২।

হতে : পরিচালক -এডমিন ও এস আর

প্রতি : নেটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী

বিষয় : সংস্থার গাড়ি এবং মটর সাইকেল চালকদেরদের জন্য বিশেষ সার্কুলার।

১. সংস্থার পরিচালক বর্তমানে উপ নির্বাহী পরিচালক এবং নির্বাহী পরিচালক মহোদয়গণের স্বাক্ষর সম্বলিত প্রত্যেকটি গাড়িতে ব্যবহারিক নীতিমালা রয়েছে। যা গাড়ি ব্যবহারকারীগণ এবং চালকগণ অবশ্যই মেনে চলবেন।
২. নীতিমালা অনুযায়ী গাড়ি এবং মটরসাইকেল চালকগণের সুনির্দিষ্ট কতগুলি দায়িত্ব সূস্পষ্টভাবে লেখা আছে, যার ব্যতয় ঘটলে সংস্থা কোন দায়-দায়িত্ব বহন করবে না। নীতিমালা অনুযায়ী যা অবশ্যই পালনীয় : -

- (ক) গাড়ি চলা অবস্থায় ড্রাইভারের সিদ্ধান্তই চূড়ান্ত, ব্যবহারকারীর অনুরোধে বা ড্রাইভার তার নিজের ইচ্ছায় বাইরের কাউকে গাড়িতে উঠাতে পারবেন না। গাড়ি চলানো অবস্থায় ড্রাইভার তার মোবাইল সেট বন্ধ রাখবেন এবং এসময় তিনি কারো সাথে কথা বলতে পারবেন না। গাড়ির ড্রাইভারকে এবং যিনি গাড়ির সামনের সিটে বসবেন তাঁকে গাড়ি চালু অবস্থায় বাধ্যতামূলকভাবে সিট বেল্ট পড়তে হবে।
- (খ) ড্রাইভার প্রতিদিন গাড়ি ধূয়ে মুছে গ্যারেজ করবেন এবং সকালে গাড়ি মুছে ব্যবহার শুরু করবেন। গাড়ি স্টার্ট দেয়ার আগে ইঞ্জিনের কার্ডিশন এবং চাকার সকল নাট বোল্ট ইত্যাদি পরীক্ষা করে নেবেন। এসময় তিনি লক্ষ্য করবেন যাতে করে গাড়ির সামনে বা পিছনে কেউ যেন না থাকেন।
- (গ) ড্রাইভার সার্বক্ষণিকভাবে গাড়ির সকল কাগজপত্র (মূলকর্পি) গাড়ির সাথে রাখবেন। এবং তিনি নিজ দায়িত্বে অফিসের খরচে গাড়ির কাগজপত্র নবায়ন করবেন। গাড়ির কাগজপত্রের সমস্যা এবং নিয়ম বাহিভূত পর্যবেক্ষণ করে নেবেন। এসময় তিনি লক্ষ্য করবেন যে কোন প্রকার ট্রাফিক আইন ভঙ্গের কারণে ট্রাফিক পুলিশ কোন জরিমানা করলে তা ড্রাইভারকে বহন করতে হবে। গাড়ির ড্রাইভার নিজ দায়িত্বে তার ড্রাইভিং লাইসেন্স সার্বক্ষণিকভাবে বৈধ রাখবেন এবং নবায়ন করবেন।
- (ঘ) গাড়ি যখন গেরেজের বাইরে থাকে তখন সার্বক্ষণিকভাবে গাড়ির পাশেই ড্রাইভারকে অবস্থান করতে হবে। গাড়ি গেরেজের বাইরে অবস্থানকালীন সময়ে যদি গাড়ির কোন ক্ষতি সাধিত হয় তাহলে ড্রাইভারকে এর ক্ষতিপূরণ দিতে হবে এবং তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (ঙ) ড্রাইভার ঘটায় ৬০ কিলোমিটারের উর্ধ্বে গতিবেগে গাড়ি চালাতে পারবেন না।
- (চ) এই নীতিমালার বাইরে যদি কেউ গাড়ি ব্যবহার করেন তাহলে ব্যবহারকারী ও ড্রাইভার উভয়ের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (ছ) টিম লিডার/ আরপিসি প্রতি ৭ (সাত) দিন পর পর গাড়ি ব্যবহারের নীতিমালা, লগবুক এবং ফুয়েল চেক করবেন। লগবুক আপডেট না থাকলে এবং ফুয়েল সংক্রান্ত কোন সমস্যা থাকলে তিনি ড্রাইভারের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবেন।

মাটর সাইকেল ব্যবহারকারীগণ উপ নির্বাহী পরিচালক মহোদয়ের ১লা ডিসেম্বর ২০২০ তারিখের দেয় সার্কুলার অনুযায়ী ব্যবহার বিধি অনুসরণ করার জন্য বলা হলো:

উপরোক্ত বিষয়গুলি সকল গাড়িচালক এবং মটর সাইকেল চালকগণ মেনে চলবেন।

- (জ) সংগ্রহিত সুপারভাইজারগণ সার্কুলারের নির্দেশাবলী অনুযায়ী দায়িত্ব পালন করবেন।
- (ঝ) গাড়ি এবং মটরসাইকেল চালকগণের সংস্থা কর্তৃক নীতিমালার বাহিভূত কোন ঘটনা সংঘটিত হলে সকল দায় দায়িত্ব গাড়ির চালক এবং মটরসাইকেল চালকগণ বহন করবেন।
- (ঙ) ক্ষতিগ্রস্থ গাড়ী এবং মটরসাইকেল চালকগণের নিজ দায়িত্বে মেরামত ও জরিমানা দিতে হবে। এইরূপ কোন ঘটনা সংঘটিত হলে সংস্থার মানবসম্পদ নীতিমালা অনুযায়ী চালকগণের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আশা করছি সংস্থার গাড়ী এবং মটর সাইকেল চালকগণ সংস্থা কর্তৃক নীতিমালা অনুসরণ করবেন এবং উপরোক্ত বিষয়ে অধিকতর সতর্ক থাকবেন। এই সার্কুলারটি পড়ে সংস্থার প্রত্যেক ড্রাইভার এবং মটরসাইকেল চালকগণ স্বাক্ষর করবেন এবং নিম্ন স্বাক্ষরকারী বরাবর পাঠানোর জন্য বলা হলো। উক্ত স্বাক্ষর সম্বলিত সার্কুলারটি আপনাদের পারসনাল ফাইলে সংরক্ষণ করা হবে।

আপনাদের অব্যাহত সহযোগীতা কামনা করছি।

ধন্যবাদসহ



মোস্তফা কামাল আকন্দ

অনুলিপি : নির্বাহী পরিচালক

উপ-নির্বাহী পরিচালক

সকল পরিচালক

সকল আধ্যাত্মিক, প্রকল্প ও শাখা অফিসসমূহ

অফিস ফাইল।